



স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮২০.৩২.০০৩.২০.১৫

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬

১৮ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের জন্য শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান।

জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। সে শ্রেণিতে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ২০১৯-২০ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকান্ডের সাথে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মহাপরিচালকের দপ্তর, উইং, জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

১। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:

১.১ মহাপরিচালকের দপ্তর ও বিভিন্ন উইংয়ের গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

১.২ আঞ্চলিক/সমমানের কার্যালয়ের গ্রেড-৩ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

১.৩ জেলা/সমমানের কার্যালয়ের গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

১.৪ উপজেলা/সমমানের কার্যালয়ের গ্রেড-৫ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

২। শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন:

২.১ মহাপরিচালকের দপ্তর ও উইংয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের জন্য মহাপরিচালকের নেতৃত্বে বাছাই কমিটি গঠিত হয়েছে। উক্ত কমিটি পুরস্কার প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবেন।

২.২ জেলা/সমমানের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের জন্য আঞ্চলিক কার্যালয়ের প্রধান/অতিরিক্ত পরিচালকের নেতৃত্বে বাছাই কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি পুরস্কার প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবেন।

২.৩ উপজেলা/সমমানের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের জন্য জেলা কার্যালয়ের প্রধান/উপপরিচালকের নেতৃত্বে বাছাই কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি পুরস্কার প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবেন।

৩। মূল্যায়ন পদ্ধতি: মন্ত্রিপরিষদ বিভাগের 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' (ডিএই'র ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সের প্রজ্ঞাপন/পরিপত্র/নীতিমালা অংশে সংযোজিত) এর অনুচ্ছেদ ৪ ও ৫ অনুযায়ী পুরস্কার পাওয়ার জন্য কর্মকর্তা-কর্মচারী বিবেচিত হবে।

৪। ডিএই'র ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সের প্রজ্ঞাপন/পরিপত্র/নীতিমালা অংশ হতে আবেদন/তথ্য প্রেরণের নমুনা ছক সংগ্রহপূর্বক লিপিবদ্ধ করে যথাযথ প্রমাণকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল/প্রেরণ করতে হবে।

৫। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, হার্টিকালচার সেন্টার ও কোয়ারেন্টাইন সেন্টার সংশ্লিষ্ট জেলা/উপজেলায় অন্তর্ভুক্ত হবে।

৬। আবেদন দাখিল বা তথ্য প্রেরণ:

৬.১ উপজেলা পর্যায়ের আবেদন/তথ্য সংগ্রহপূর্বক ২০/০২/২০২০ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৬.২ জেলা পর্যায়ের আবেদন/তথ্য সংগ্রহপূর্বক ২৫/০২/২০২০ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৬.৩ আঞ্চলিক পর্যায়ের আবেদন/তথ্য সংগ্রহপূর্বক ২৭/০২/২০২০ তারিখের মধ্যে মহাপরিচালকের দপ্তর, খামারবাড়ি, ঢাকায় প্রেরণ করতে হবে।

৬.৪ মহাপরিচালকের দপ্তর, উইং ও প্রকল্প/কর্মসূচির কার্যালয় (খামারবাড়ি, ঢাকা) কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আবেদন/তথ্য ২৭/০২/২০২০ তারিখের মধ্যে উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ও অর্থ উইংয়ের নিকট জমা দিতে হবে।

৭। বর্ণিত অবস্থায় 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুসরণপূর্বক নির্বাচিত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা ও প্রমাণক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮-২-২০২০

ড. মোঃ আবদুল মুদীদ
মহাপরিচালক

বিতরণ:

১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (আপনার আওতাধীন কার্যালয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২) অতিরিক্ত পরিচালক, ডিএই, রাঙ্গামাটি/ময়মনসিংহ/বরিশাল/দিনাজপুর অঞ্চল/বগুড়া/রংপুর অঞ্চল/রাজশাহী/ঢাকা অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল/খুলনা/সিলেট অঞ্চল/ফরিদপুর/কুমিল্লা/যশোর।

৩) উপপরিচালক, ডিএই, ঝিনাইদহ/যশোর।/সিলেট

জেলা/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/টাংপাইনবাবগঞ্জ/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/রংপুর/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/বরগুনা/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/ফরিদপুর/বান্দরবান/সাতক্ষীরা/চুয়াডাঙ্গা/মাদারীপুর/কুড়িগ্রাম/ঠাকুরগাঁও।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮২০.৩২.০০৩.২০.১৫/১(১৪৯)

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬

১৮ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ, এটিআই,

ঢাকা/গাজীপুর/গাইবান্ধা/নারায়ণগঞ্জ/খুলনা/ফরিদপুর/রাঙ্গামাটি/ঝিনাইদহ/বরিশাল/পাবনা/ব্রাহ্মণবাড়িয়া/শেরপুর/রংপুর/কুমিল্লা/মানিকগঞ্জ/সিলেট/চট্টগ্রাম/নোয়াখালী।

২) উপপরিচালক, ডিএই, হার্টিকালচার সেন্টার (সকল)।

৩) প্রকল্প/কর্মসূচী পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৪) উপজেলা কৃষি অফিসার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৫) উদ্যানতত্ত্ববিদ, ডিএই, হার্টিকালচার সেন্টার (সকল)।

৬) উপপরিচালক, পার্সোনেল অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৮) মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।

৯) অতিরিক্ত উপপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

১০) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা (নোটিশ বোর্ডে লাগানোর অনুরোধসহ)।

১৮-২-২০২০

ড. মোঃ আবদুল মুদীদ
মহাপরিচালক